

০/২

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ১০/২০২২

জে,

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালসমূহে বিচারার্থী মোকদ্দমাসমূহ সরেজমিনে গণনা পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশের অধস্তন প্রতিটি দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালে বিচারার্থী মোকদ্দমার প্রকৃত সংখ্যা সরেজমিনে মোকদ্দমার নথি গণনা পূর্বক নির্ধারণ করতঃ নিম্নোক্ত 'ছক' অনুযায়ী আগামী ৩১.০৩.২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগের Monitoring Committee for Subordinate Courts-এর সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা-কে হার্ডকপি এবং উক্ত কর্মকর্তার জন্য নির্ধারিত ই-মেইল-এ সফট কপি প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২। উল্লেখ্য, পুলিশ বা অন্য কোন তদন্তকারী সংস্থার নিকট তদন্তার্থী মামলার প্রকৃত সংখ্যা পৃথকভাবে নির্ধারণ করে প্রেরণ করতে হবে।

'ছক'

১। জেলার নাম:

২। আদালত/ট্রাইব্যুনালের নাম:

সরেজমিনে গণনা পূর্বক মোট বিচারার্থী মামলার প্রকৃত সংখ্যা	ডিসেম্বর/২০২১ তারিখের বিবরণীতে উল্লিখিত মোট বিচারার্থী মামলার সংখ্যা	অনুসন্ধান/তদন্তার্থী মামলার প্রকৃত সংখ্যা	মন্তব্য

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ বজলুর রহমান)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন : +৮৮-০২-২২৩৩৮১৯৫২

E-mail: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ২১৪৬

(২২)

জে,

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ, (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হল) (সকল)।
৩. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ, (সকল)।
৪. চেয়ারম্যান/সদস্য, শ্রম আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল, (সকল)।
৫. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/ জননিরাপত্তা বিষয়ক অপরাদ দমন ট্রাইব্যুনাল (সকল)।
৬. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)।
৭. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল/স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সকল)।
৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল) (অধীনস্থ বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৯. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল (চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
১০. Monitoring Committee for Subordinate Courts-এর সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা, (সকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
১২. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৩. অফিস কপি।

প্রযোজ্য ক্ষেত্রে
প্রশাসনিক
নিয়ন্ত্রণে
কর্মরত সকল
বিচার বিভাগীয়
কর্মকর্তাকে
বিতরণের
প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের
অনুরোধসহ

(মোঃ মিজানুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ০২২২৩৩৮১৯৩২।